দৈনিক ইত্তেফাক

তারিখ 13 MAR 2016
পৃষ্ঠা ২ কলাম ১

# জাবিতে ছাত্রলীগের হাতে লাঞ্ছিত হলেন প্রভোস্ট

■ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় সংবাদদাতা

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে মীর মশাররফ হোসেন হলের প্রভোস্ট অধ্যাপক ওবায়দুর রহমানকে লাঞ্ছিত করার অভিযোগ উঠেছে ছাত্রলীগের নেতাকর্মীদের বিরুদ্ধে।

প্রত্যক্ষদর্শীরা জানান, রাতে বিশ্ববিদ্যালয়ের মীর মশাররফ হোসেন হলের ৪৪তম ব্যাচের জুনিয়র ছাত্রলীগ কর্মীরা ৪৫তম ব্যাচের নবীন শিক্ষার্থীদের নিয়ে গণরুমে বসেন। এ সময় হল প্রাধ্যক্ষ অধ্যাপক ওবায়দুর রহমান প্রথম বর্ষের নবীন শিক্ষার্থীদের খোঁজ-খবর নিতে হলের গণরুমে প্রবেশ করেন। তাকে দেখে জুনিয়র ছাত্রলীগ কর্মীরা উত্তেজিত হয়ে পড়েন। পরে তারা সিনিয়র ছাত্রলীগ নেতাদের হল প্রাধ্যক্ষের গণরুমে আসার কথা জানালে তারা এসে হল প্রাধ্যক্ষের উপর চড়াও হন। পৃষ্ঠা ২ কলাম ২

## জাবিতে ছাত্রলীগের হাতে

২০ পৃষ্ঠার পর

এ সময় তিনি গণরুম থেকে বেরিয়ে আসলে ছাত্রলীগের ৩০-৩৫ জন নেতাকর্মী তাকে ঘিরে ধরেন। এ সময় উত্তেজিত ছাত্রলীগ নেতাকর্মীরা হল প্রাধ্যক্ষকে অকথ্য ভাষায় গালিগালাজ করেন এবং মারতে উদ্যত হন। পরে সাধারণ শিক্ষার্থী ও সাংবাদিকদের মধ্যস্থতায় তিনি হল ত্যাগ করেন।

এ বিষয়ে হল প্রাধ্যক্ষ অধ্যাপক ওবায়দুর রহমান বলেন, ওদের ব্যবহারে আমি খুব কষ্ট পেয়েছি। এদিকে অভিযোগের বিষয়টি স্বীকার করে শাখা ছাত্রলীগের ধর্ম বিষয়ক সম্পাদক মহিতোষ রায় টিটু বলেন, "জুনিয়ররা ক্ষুব্ধ হয়ে গালিগালাজ করেছে। কেউ গালিগালাজ করলে আমরা কি করবো।" বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক তপন কুমার সাহা বলেন, "আমি এখনো কোনো অভিযোগ পাইনি। বিষয়টি বিশ্ববিদ্যালয় প্রশাসনকে জানিয়েছি। প্রশাসন যে ব্যবস্থা নিতে বলবে সে ব্যবস্থাই নেব।" এদিকে এক বিবৃতিতে এ ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে বাংলাদেশ ছাত্র ইউনিয়ন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় সংসদ। তারা তদন্ত সাপেক্ষে দ্রুততম সময়ে দোষীদের চিহ্নিত করে উপযুক্ত শাস্তির দাবি জানিয়েছেন।